**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 09-02-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

Headlines :

**(১) দেশের বিভিন্ন প্রান্তের ছাত্রছাত্রীদের সঙ্গে আগামীকাল প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী "পরীক্ষা পে চর্চা" অনুষ্ঠানে কথা বলবেন।**

**(২) রাজ্যের পরিকাঠামো উন্নয়ন ও পরিকল্পনা বাস্তবায়নে প্রকৌশলীদের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে বলেছেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা।**

**(৩) মনিপুরের মুখ্যমন্ত্রী এন. বীরেন সিং পদত্যাগ করেছেন।**

**(৪) ভবিষ্যত প্রজন্মের জন্য নদীর জল সংরক্ষণের উদ্যোগ নেওয়া হবে বলে জানালেন কৃষিমন্ত্রী রতন লালা নাথ।**

**(৫) উত্তরাখণ্ডে আয়োজিত ৩৮তম জাতীয় গেমসের এ পর্যন্ত ৪২টি স্বর্ণপদক নিয়ে সার্ভিসেস স্পোর্টস কন্ট্রোল বোর্ড তালিকার শীর্ষে রয়েছে।**

*******************************************

**Parikhsha Pe Charcha:**

আগামীকাল "পরীক্ষা পে চর্চা" অনুষ্ঠান নয়াদিল্লিতে সকাল ১১ টা থেকে শুরু হবে। এই অনুষ্ঠানে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ছাত্র-ছাত্রী, অভিভাবক এবং শিক্ষক-শিক্ষিকাদের সঙ্গে আলাপচারিতা করবেন। অনুষ্ঠানে, পরীক্ষার আগে শিক্ষার্থীদের প্রস্তুতি, পরীক্ষা নিয়ে ভীতি ও উৎকণ্ঠার প্রশমন এবং ব্যক্তিত্ব বিকাশের পরামর্শ দেবেন প্রধানমন্ত্রী ।

এবছরের পরীক্ষা পে চর্চা অষ্টম সংস্করণ। সমস্ত রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলের রাজ্য / কেন্দ্রশাসিত অঞ্চলের পর্ষদ, সরকারি বিদ্যালয়, কেন্দ্রীয় বিদ্যালয়, সৈনিক স্কুল, একলব্য মডেল আবাসিক স্কুল, সিবিএসই এবং নবোদয় বিদ্যালয় থেকে বাছাই করা ৩৬ জন ছাত্র-ছাত্রী এবারের অনুষ্ঠানে সরাসরি অংশ নেবেন ।

অনুষ্ঠানটি সরাসরি সম্প্রচার হবে দূরদর্শন, স্বয়ম, স্বয়মপ্রভা, পিএমও ইউটিউব চ্যানেল এবং শিক্ষামন্ত্রক এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রকের সোশ্যাল মিডিয়া চ্যানেলে, যাতে সারা দেশের ছাত্র-ছাত্রী, শিক্ষক মন্ডলী ও অভিভাবকরা এই অনুষ্ঠানে অংশ নিতে পারেন।

কেন্দ্রীয় বিদ্যালয় শিক্ষা দপ্তরের সচিব সঞ্জয় কুমার বলেন, পরীক্ষা ভীতি বা উৎকণ্ঠা নয়,তাকে জীবনেরই এক নিয়মিত অপরিহার্য ঘটনা হিসেবে মেনে নিয়ে সামনের দিকে এগিয়ে যেতে হবে । তিনি দেশের সব রাজ্যের ছাত্রছাত্রীদের উদ্দেশে 'পরীক্ষা পে চর্চার ৮ম সংস্করণে অংশ নেবার আহ্বান জানিয়েছেন।

#######Byte Sanjoy Kumar#######

পরীক্ষা পে চর্চা অনুষ্ঠান দেখার জন্য ও অংশ নিতে রাজ্যের ছাত্র ছাত্রী ও-শিক্ষক মন্ডলীরাও প্রস্তুত হচ্ছেন। আকাশবাণীর সঙ্গে সাক্ষাৎকারে সোনামুড়ার পিএম শ্রী বিদ্যালয়ের শিক্ষক নারায়ণ চন্দ্র পাল বলেছেন, পরীক্ষা নিয়ে ভীতি ও উৎকণ্ঠা দূর করার লক্ষ্যে প্রধানমন্ত্রীর এক দারুন উৎসাহব্যঞ্জক উদ্যোগ এই পরীক্ষা পে চর্চা অনুষ্ঠান।

#####Byte Teacher Narayan Chandra paul#####

***********************

**CM:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, রাজ্যের পরিকাঠামো উন্নয়ন ও পরিকল্পনা বাস্তবায়নে প্রকৌশলীদের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন ও সম্প্রসারণ, পরিকাঠামো নির্মাণ, সেচ, পানীয়জলের সংযোগ, বিদ্যুৎ পরিষেবা সম্প্রসারণে প্রকৌশলীগণ প্রশংসনীয় কাজ করছেন। আজ আগরতলার নজরুল কলাক্ষেত্রে ত্রিপুরা স্টেট ইঞ্জিনিয়ার্স অ্যাসোসিয়েশনের ৫৫তম বার্ষিক সাধারণ সম্মেলনে উদ্বোধনী ভাষণে তিনি একথা বলেন। রাজ্যের সড়ক যোগাযোগ ব্যবস্থার সম্প্রসারণ, উন্নত আইনশৃঙ্খলা, পর্যটন প্রভৃতি ক্ষেত্রের উল্লেখযোগ্য উন্নতির কথা উল্লেখ করে মুখ্যমন্ত্রী বলেন, বাইরে থেকে রাজ্যে আগত ভ্রমণকারীরা রাজ্যের এই প্রভূত উন্নয়ন দেখে অভিভূত হচ্ছেন। তিনি বলেন, যে কোনও পরিকাঠামো নির্মাণ নিখুঁতভাবে করাটা অত্যন্ত আবশ্যক। কারণ উন্নত পরিকাঠামোর উপর নির্ভর করেই বাইরের বিনিয়োগকারীরা শিল্প স্থাপনে উৎসাহিত হন। মুখ্যমন্ত্রী আরও বলেন, রাজ্যে জলসেচ ও জল সংরক্ষণের ক্ষেত্রে প্রকৌশলীগণ তাদের উদ্ভাবনী দক্ষতাকে কাজে লাগিয়ে বিভিন্ন উদ্যোগ গ্রহণ করছেন। পাইপলাইনের মাধ্যমে বাড়ি বাড়ি পরিশ্রুত পানীয়জল পৌঁছে দেওয়ার ক্ষেত্রেও প্রকৌশলীগণ উল্লেখযোগ্য ভূমিকা পালন করছেন।

#######Byte CM#######

***********************

**P.M Viswakarma:**

কেন্দ্রীয় সরকারের ,"পি,এম বিশ্বকর্মা" প্রকল্পের কর্মধারার সুফল মিলছে ঊনকোটি জেলাতেও।মোট আঠারোটি  পেশার সাথে যুক্ত এই প্রকল্পটির মধ্যে রয়েছেন, কাঠমিস্ত্রি, রাজমিস্ত্রি,মৃৎশিল্পী,লৌহশিল্পী, হাতুড়ি ও সরঞ্জাম নির্মাণকারীরা।

উল্লেখ্য যে,২০২৩ সালের ১৭ই সেপ্টেম্বর এই প্রকল্পের সূচনা হয়েছিল। এই প্রকল্পে পাঁচ শতাংশ ভর্তুকি সুদে ঋণদানের

পাশাপাশি সুবিধাভোগীদের প্রশিক্ষণ ইত্যাদির ব্যবস্থা করা হয়ে থাকে। ঊনকোটি জেলাতে ১৫২৫ জন পি,এম বিশ্বকর্মা প্রকল্পের প্রশিক্ষণ পেয়েছেন। তাছাড়া ২৮১ জন'কে ব্যাঙ্ক ঋণ দেওয়া হয়েছে। শিল্প ও বানিজ্য দপ্তরের এক্সটেনসন অফিসার সীতেশ দাস এ তথ্য জানিয়েছেন।

######Byte Sitesh Das######

************************

**MANIPUR:**

মনিপুরের মুখ্যমন্ত্রী এন. বিরেন সিং আজ পদত্যাগ করেছেন। তিনি রাজ্যপাল অজয় কুমার ভাল্লার কাছে পদত্যাগপত্র জমা দিয়েছেন। এদিকে আগামীকাল থেকে মনিপুর বিধানসভার অধিবেশন শুরু হবে।

************************

**Ratan Lal Nath:**

কৃষিমন্ত্রী রতন লাল নাথের পৌরহিত্যে আজ লেম্বুছড়া স্থিত কৃষি দপ্তরে কৃষি মন্ত্রণালয়ের অন্তর্ভুক্ত স্টেট লেভেল নোডাল এজেন্সির এক সভা অনুষ্ঠিত হয়। সভায় মন্ত্রী ভবিষ্যত প্রজন্মের জন্য নদীর জল সংরক্ষণের উদ্যোগ নেওয়া হবে বলে জানান। স্টেট লেভেল নোডাল এজেন্সির মাধ্যমে রাজ্যের জলসংরক্ষণ সহ পুকুর খনন ও গাছের চারা রোপণের মত বিভিন্ন কর্মসূচি পালনের প্রস্তুতি নেওয়া হবে বলেও জানান কৃষিমন্ত্রী।

************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং

নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

************************

**Mahakumbh :**

এবারে মহাকুম্ভের খবর

#######Sound Byte#######

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আগামীকাল প্রয়াগরাজে মহাকুম্ভ পরিদর্শনে যাবেন। তিনি গঙ্গা, যমুনা এবং সরস্বতী নদীর সঙ্গমস্থল ত্রিবেণী সঙ্গমে পবিত্র স্নান করবেন। রাষ্ট্রপতি প্রয়াগরাজের অক্ষয়বত এবং বড় হনুমান মন্দিরও পরিদর্শন করবেন। তিনি ডিজিটাল মহাকুম্ভ অভিজ্ঞতা কেন্দ্রে আধুনিক প্রযুক্তির মাধ্যমে মহাকুম্ভের তাৎপর্য অন্বেষণ করবেন। অনুষ্ঠানে উপস্থিত থাকবেন উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ।

#######Sound Byte#######

************************

**PM tour:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামীকাল ফ্রান্স এবং আমেরিকা সফরে যাচ্ছেন। এই সফরের লক্ষ্য উভয় দেশের সাথে কৌশলগত, অর্থনৈতিক এবং প্রযুক্তিগত অংশীদারিত্ব জোরদার করা। সফরের প্রথম ধাপে শ্রী মোদী ১০ থেকে ১২ ফেব্রুয়ারি ফ্রান্সে যাবেন, সেখানে তিনি কৃত্রিম বুদ্ধিমত্তা সম্মেলন ২০২৫-এ যোগ দেবেন ও মূল দ্বিপাক্ষিক আলোচনায় অংশ নেবেন। পরে মার্সেইতে

ভারতের নতুন কনস্যুলেট জেনারেল অফিসের উদ্বোধন করবেন। আকাশবাণী সাথে কথা বলার সময়, ফ্রান্সের ভারতীয় রাষ্ট্রদূত সঞ্জীব কুমার সিংলা বলেন, ভারতের প্রাথমিক উদ্বেগ যাতে কৃত্রিম বুদ্ধিমত্তা কিছু লোক বা কয়েকটি সংস্থার একচেটিয়া ডোমেইন হয়ে না উঠে। ফ্রান্সের পর শ্রী মোদি দুইদিনের সফরে আমেরিকা যাবেন।

************************

**BJP Rally:**

কেন্দ্রীয় বাজেটকে অভিনন্দন জানিয়ে আজ বিলোনিয়ার পুরাতন টাউন হল মাঠে বিজেপি'র উদ্যোগে এক অভিনন্দন সভা অনুষ্ঠিত হয়। সভায় বিজেপির প্রদেশ সহ - সভানেত্রী পাপিয়া দত্ত, প্রদেশ সাধারণ সম্পাদক বিপিন দেববর্মা,দলের দক্ষিণ জেলার সভাপতি দীপায়ন চৌধুরী প্রমুখ বক্তব্য রাখেন।

************************

**SDM, Sonamura:**

সোনামুড়া বাজারে রাস্তা, ফুটপাথ ও ড্রেন অবৈধভাবে দখল করে ব্যবসা করে আসা ব্যবসায়ীদের সতর্ক করলো সোনামুড়া নগর পঞ্চায়েত কতৃপক্ষ। মহকুমা শাসক তথা নগর পঞ্চায়েতের কার্যনির্বাহী আধিকারিক মহেন্দ্র কাম্বে চাকমা সোনামুড়া নগর পঞ্চায়েতের কর্মীদের সঙ্গে নিয়ে সরজমিনে পরিদর্শন করে ব্যবসায়ীদের সতর্ক করেন। সাধারণ মানুষের চলাচলে অসুবিধা হলে পরবর্তী পদক্ষেপ গ্রহণ করা হবে বলে মহকুমা শাসক জানান ।

************************

**Dipankar Sen:**

বিধায়ক দীপংকর সেন আজ বিলোনিয়া বিধানসভার মাইছড়া এলাকার বিভিন্ন বাড়িতে গিয়ে প্রবীণ নাগরিকদের খবরাখবর নেন।

বিধায়কের সঙ্গে ছিলেন সিপিআইএম নেতা মানিক বিশ্বাস, গনেশ দাস প্রমুখ ।

***********************

**I&B MOS:**

কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী ড. এল. মুরুগান বলেছেন , আগামি অর্থ বছরের প্রস্তাবিত কেন্দ্রীয় বাজেট ভারতের প্রবৃদ্ধিকে ত্বরান্বিত করার জন্য একটি বড় পদক্ষেপ। পুদুচেরিতে এক সাংবাদিক সম্মেলনে মন্ত্রী জানান, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বে ২৫ কোটি মানুষকে দারিদ্র্যসীমার উপরে তুলে আনা হয়েছে এবং এই বাজেট অগ্রগতিকে আরও জোরদার করবে।

***********************

**National Games:**

উত্তরাখণ্ডে আয়োজিত ৩৮তম জাতীয় গেমসের এপর্যন্ত মোট ২৯৭টি স্বর্ণপদকের ফয়সলা হয়েছে। এরমধ্যে ৪২টি স্বর্ণপদক নিয়ে সার্ভিসেস স্পোর্টস কন্ট্রোল বোর্ড তালিকার শীর্ষে রয়েছে। ৩১টি স্বর্ণপদক নিয়ে কর্ণাটক দ্বিতীয় স্থানে এবং ২৯টি স্বর্ণপদক নিয়ে মহারাষ্ট্র তৃতীয় স্থানে রয়েছে।

এদিকে, হকিতে জয় পেলো মণিপুর। মহিলা বিভাগের লড়াইয়ে মণিপুর ৫-২ গোলে স্বাগতিক উত্তরাখণ্ডকে ও মধ্যপ্রদেশ ২-১ গোলে পশ্চিমবঙ্গকে হারিয়ে দেয়। অপরদিকে পুরুষ বিভাগে মহারাষ্ট্র ২-১ গোলে উত্তরাখণ্ডকে এবং কর্ণাটক ৪-১ গোলে মণিপুরকে হারায়।

***********************

**Women Cricket:**

টিসিএ পরিচালিত মহিলাদের আমন্ত্রণমূলক সীমিত ওভারের সিনিয়র ক্রিকেট প্রতিযোগিতার আজ দুটি খেলা হয়। নরসিংগড়ের পিটিএ মাঠে তরুণ সংঘ কোচিং সেন্টার ১০ উইকেটে ক্রিকেট

অনুরাগী কোচিং সেন্টারকে এবং তালতলা মাঠে নিউ প্লে সেন্টার ৭৭ রানে জিবি প্লে সেন্টারকে হারিয়ে দেয়।

***********************

**Under 15 Cricket:**

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত সদরের অনূর্ধ্ব ১৫ বছরের ক্রিকেট প্রতিযোগিতায় আজ চারটি খেলা হয়। নরসিংগড়ের পঞ্চায়েত মাঠে ক্রিকেট অনুরাগী কোচিং সেন্টার ৫ উইকেটে এন এস আর সি সি'কে, নেপকো মাঠে মৌচাক কোচিং সেন্টার ৮ উইকেটে শতদল সংঘ কোচিং সেন্টারকে, নোয়াবাদী মাঠে প্রগতি প্লে সেন্টার ৫ উইকেটে কর্ণেল কোচিং সেন্টারকে এবং আম্বেদকর মাঠে তরুন সংঘ কোচিং সেন্টার ৬২ রানে জিবি প্লে সেন্টারকে হারিয়ে দেয়।

***********************

**Under-15 Cricket Tournament:**

শান্তিরবাজার মহকুমা ক্রিকেট এসোসিয়েশন আয়োজিত মহকুমা ভিত্তিক অনুর্ধ ১৫ ক্রিকেট টুর্নামেন্টের আজকের ম্যাচে সানফ্লাওয়ার ইংলিশ মিডিয়াম দ্বাদশ স্কুল মুহুরীপুর জনকল্যাণ সমিতিকে ১৭৮ রানের ব্যবধানে পরাজিত করে। বিজয়ী দলের মনোজিত সরকার সর্বোচ্চ ৬৯ রান  করে।

***********************

***********************